

কুলধুরিয়া সরকারি প্রাইমারি স্কুলের করণ অবস্থা

■ নান্দাইল (ময়মনসিংহ) সরোদনদাতা

প্রয়োজনীয় শ্রেণিকক্ষ, বেঞ্চ, সঁচল নলকূপ ও স্বাস্থ্যসম্মত শৌচাগার না থাকায় চরম দুরবস্থার কবলে ময়মনসিংহের নান্দাইলের ৩৫নং কুলধুরিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়। বিদ্যালয়টিতে দুইটি ভবনের মধ্যে একটি পরিভ্যক্ত। অপর ভবনটির ভিতরে প্রাঙ্গণের বস্তা দিয়ে একটি অফিস কক্ষ ও তিনটি শ্রেণিকক্ষ করা হয়েছে। সেই কক্ষগুলোতে প্রয়োজনীয় বেঞ্চ না থাকায় শিক্ষার্থীরা মেঝেতে চটের বস্তা পেতে ব্লাস করছে দীর্ঘ কয়েক বছর ধরে। বিদ্যালয়টিতে ২৮৯ জন শিক্ষার্থীর জন্য রয়েছে ৭ জন শিক্ষক আর ২৪ জোড়া বেঞ্চ। এর মধ্যে দুইজন শিক্ষক ছুটিতে রয়েছেন।

শিক্ষার্থীরা জানায়, প্রয়োজনীয় শ্রেণিকক্ষ নেই, বেঞ্চও নেই। ফলে চটের বস্তা জোড়া দিয়ে লম্বা করে তা মেঝেতে পেতে উপুড় হয়ে বসে পড়ালেখা করতে হয়। নিপাসা, পেলো পানি খেতে বিদ্যালয় থেকে বের হয়ে আশেপাশের বাড়িতে যেতে হয়।

বিদ্যালয়ের দায়িত্বপ্রাপ্ত প্রধান শিক্ষক লিপিকা রানী দাস বলেন, এই দুরবস্থার মধ্যেও শিক্ষার্থীরা গত সমাপনী পরীক্ষায় শতভাগ পাস করেছে। বিদ্যালয় পরিচালনা কমিটি সভাপতি আ. গফুর বলেন, সমস্যাগুলোর ব্যাপারে উপজেলা শিক্ষা অফিসে লিখিতভাবে জানানো হয়েছে। জানতে চাইলে নান্দাইল উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা আনারকলি নাজনীন বলেন, মাসিক সভায় বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের দেয়া প্রতিবেদনগুলো দেখে সমস্যাগুলো চিহ্নিত করে প্রতিবারই উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে পাঠানো হয়।